

শিশুদের জন্য বাইবেল নিবেদন করছে



একটি বালিকা যে দু'বার জীবন পেল

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Janie Forest

অনুব্রূক: Manab Biswas

অভিযোজন: Ruth Klassen

গল্প ৬০ এর ৪৯

www.M1914.org

Bible for Children, PO Box 3, Winnipeg, MB R3C 2G1 Canada

স্বত্বাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবে না।

বাংলা

Bengali

যায়ীর একজন ইহুদি নেতা ছিলেন, যিনি ঈশ্বরের উপাসনা করতেন ও ঈশ্বরের বাক্য অন্যদেরকে শিক্ষা দিতেন। একদিন এক ভয়ঙ্কর সমস্যা যায়ীরের কাছে এল। তার বারো বছরের প্রিয় মেয়ের অসুখ হল। এরকম মনে হচ্ছিল যে, কেউ তাকে সাহায্য করতে পারবে না। এটা ছিল একটা কঠিন অসুখ। যায়ীর জানত যে, তার মেয়ে মরতে চলেছে।




1

একমাত্র একজনই যায়ীরকে সাহায্য করতে পারে। যায়ীর যীশুকে খুঁজতে বেরিয়ে পড়ল এবং তাঁকে তার ঘরে নিয়ে আনলেন। যায়ীর সম্ভবত জানত যে, তার ধর্মীয় বন্ধুরা যীশুকে অনুমোদন করবে না, কিন্তু যায়ীর এতে কিছু মনে করল না।



মেয়ে মারা যাবার আগে তাকে সাহায্য পেতেই হবে।

2




যায়ীর দেখতে পেল, লোকেরা যীশুকে ঘিরে রয়েছে। সে যীশুর পায়ের কাছে নতজানু হয়ে বলল, “আমার ছোট্ট মেয়েটি মৃত্যুশয্যায় শুয়ে আছে। আসুন, এবং আপনার হাত তার উপর দিন, যাতে ও সুস্থ হয় এবং বেঁচে যায়”।

3



যীশু যায়ীরের সঙ্গে গেলেন, কিন্তু প্রচণ্ড ভিড়ের জন্য তারা তাড়াতাড়ি বেরোতে পারল না। একজন মহিলা প্রায় বারো বছর ধরে প্রচণ্ড অসুস্থ অবস্থায় ছিল। সে কারও কাছে সাহায্য না পেয়ে সমস্ত ডাক্তারদের কাছে গিয়েছিল (এবং তার সমস্ত টাকা-পয়সা ব্যায় করেছিল)। ও! কীভাবেই না সে যীশুকে দেখতে চেয়েছিল!

4



মহিলাটি কী পেতে চায়? মহিলাটি ফিসফিস করে বলল, “যদি আমি যীশুর কাপড় স্পর্শ করি, তাহলে আমি হয়তো ভালো হয়ে যেতে পারি”। সে যীশুর দিকে সামান্য এগোল, তারপর হাত বাড়াল। সে যীশুর কাপড় স্পর্শ করল।

5



অলৌকিক! অলৌকিক! ঋণিকের মধ্যে মহিলাটি সম্পূর্ণ সুস্থ হয়ে গেল। সে জানল যে, সে সম্পূর্ণ সুস্থ ও সবল হয়েছেন। কিন্তু তারপর একটি স্বর ভেসে এল, যীশু জিজ্ঞাসা করলেন, “কে আমাকে স্পর্শ করেছে?” জনতা তাঁকে স্পর্শ করেছে। কিন্তু যে মহিলাটি সুস্থ হয়েছে, সে জানত যে যীশু চান যেন সে এই সম্বন্ধে বল। ভীত হয়ে সে তাঁকে সমস্ত খুলে বলল।

6



ঠিক সেই সময়ে যায়ীরের ঘর থেকে একজন চাকর এল। বলার আগেই তাদের মুখ দেখে সমস্ত ঘটনা বোঝা যাচ্ছিল। যারা যায়ীরকে বলল, “আপনার মেয়ে মারা গেছে”। মৃত! অনেক দেরি হয়ে গেছে। বোধহয়, যদি না ঐ মহিলাটি দেরি করত ... বোধহয় যদি ... মৃত, তাহলে যায়ীরের মূল্যবান মেয়েটি বেঁচে যেত।

7



যীশু যখন শুনতে পেয়ে উত্তর দিলেন, “ভয় পেও না, শুধু বিশ্বাস কর এবং তাকে সুস্থ করা হবে”। যীশুকে বিশ্বাস করতে যায়ীরের কত না অসুবিধা হয়েছিল। তার মেয়ে মারা গিয়েছিল।

8

ঘরেতে মেয়েটির জন্য সবাই কাঁদছিল ও দুঃখ করছিল। যীশু বললেন, “সে মৃত নয়, কিন্তু ঘুমাচ্ছে”। তারা যীশুর প্রতি হাঁসল। তারা জানত যে মেয়েটি মারা গেছে।



9

যীশু সবাইকে ঘর থেকে বার হতে বললেন, মেয়েটিকে হাতে তুলে বললেন “ছোট্ট মেয়ে, ওঠ!” যাকীম ওখানে ছিল। তার স্ত্রীও ওখানে ছিল। যীশুর তিনজন শিষ্যও ছিল। তারা প্রত্যেকে যীশুর কথা শুনতে পেয়েছিল। ছোট্ট মৃত মেয়েটিও কি তাদের কথা শুনেছিল?



10

মৃত মেয়েটি যীশুর আদেশ শুনতে পেল। তার আত্মা ফিরে এল, ও সঙ্গে সঙ্গে সে উঠে পড়ল।



11

মেয়েটির বাবা ও মা অবাক হয়ে গিয়েছিল। যীশু তাদের বললেন, মেয়েটিকে কিছু খেতে দিতে। কত না খুশি তারা অনুভব করেছিল, কত না কৃতজ্ঞ তারা যীশুর প্রতি হয়েছিল। যীশুর প্রেম ও ক্ষমতা তাদের মেয়েকে মৃত্যু থেকে ফিরিয়ে এনেছিল।



12

একটি বালিকা যে দু'বার জীবন পেল

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

মার্ক ৫; লুক ৮

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”

গীতসংহিতা ১১৯:১৩০

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু।

ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিভঙ্গরূপ তিনি ক্রুশে মৃত্যুবরণ করেন। যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। এখন ঈশ্বর আমাদের পাপ ক্ষমা করতে পারেন।

আপনি যদি আপনার পাপ থেকে মন ফিরাতে চান তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় প্রভু, আমি বিশ্বাস করি যীশু আমার জন্য মরেছেন এবং আবার জীবিত হয়েছেন। দয়াকরে আমার জীবনে এসো, যেন আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্ডকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্দ্বন্দন হিসাবে বেচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!